

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
পুরাতন কালেক্টরেট ভবন, সিরাজগঞ্জ।



Email: adsirajganj@bnfe.gov.bd

১৬ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নং-৩৮.৩৪৯.০০৬.০০.০০.০১৪.২০১৩-২২


তারিখ : ০১ মার্চ ২০২১ খ্রিঃ

বিষয় : মার্চ ২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার জন্য জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সিরাজগঞ্জ এর কার্যপত্র।

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে মার্চ ২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার জন্য জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সিরাজগঞ্জ-এর কার্যপত্র নিম্নরূপ :

ক্রঃ	বিভাগের নাম	গত সভার সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি	এ মাসের আলোচ্য বিষয়
১	জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সিরাজগঞ্জ।	-	-	<p>১। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতাধীন “মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)”র দ্বিতীয় পর্যায়ে সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া ও তাড়াশ উপজেলায় ১৫-৪৫ বৎসর বয়সী ৩৬০০০ হাজার নিরক্ষর নারী পুরুষকে সাক্ষরতা প্রদানের জন্য মৌলিক সাক্ষরতা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। চুক্তিবদ্ধ বাস্তবায়নকারী এনজিও কর্তৃক নিরক্ষর জরিপ, সুপারভাইজার ও শিক্ষক-শিক্ষিকা নিয়োগ ও পাঁচ দিন ব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন করে কর্মসূচি চালুর সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। কোভিড-১৯ এর কারণে কর্মসূচি আপাতত স্থগিত আছে। পরিস্থিতি স্বাভাবিক ও সরকারি নির্দেশনা পাওয়া পাওয়া গেলে কর্মসূচি চালু করা হবে।</p> <p>২। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীন পিইডিপি-৪ এর সাব-কম্পোনেন্ট ২.৫ এর আওতায় “আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম” এর মাধ্যমে অত্র জেলার কাজিপুর, সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি উপজেলায় প্রতিটি উপজেলায় ৭০টি করে মোট ২৮০ টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের মাধ্যমে ৮৪০০ জন ৮-১৪ বছর বয়সী বিদ্যালয় বহির্ভূত ঝড়ে পরা ও বিদ্যালয়ে ভর্তি না হওয়া শিশুদের শিক্ষা গ্রহণের ২য় সুযোগ সৃষ্টি এবং আনুষ্ঠানিক শিক্ষার মূলধারায় ফিরে আনার লক্ষ্যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচি চালুর লক্ষ্যে মাঠ পর্যায়ে অবহিতকরণ, শিক্ষার্থী জরিপ, শিক্ষক নিয়োগ এবং বিভিন্ন পর্যায়ের কমিটি গঠন কার্যক্রম চলমান রয়েছে।</p>

জেলা প্রশাসক
সিরাজগঞ্জ।


(আহসান হাবীব)
সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
সিরাজগঞ্জ।

